

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০২৬  
সোনামুড়া, ১২ মার্চ, ২০২৫

**মেলাঘরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত**

মেলাঘর পুর পরিষদ এবং সোনামুড়া মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে গতকাল মেলাঘর পুর পরিষদের হলঘরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে বিধায়ক শ্রীবর্মণ আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের তাৎপর্য তুলে ধরেন। তিনি বলেন, ১৯৭৫ সালে সারা বিশ্বে স্বীকৃতি পাওয়া নারী দিবস মূলত সমাজে নারীদের অধিকার, মর্যাদা এবং সুরক্ষা ইত্যাদি বিষয়গুলোকে সুরক্ষিত রাখার উদ্দেশ্যে পালিত হলেও আমাদের ভারতবর্ষে সুপ্রাচীন কাল থেকেই নারীদের অধিকার দেওয়া হয়েছে। নারীদের অধিকার, মর্যাদা, স্বাবলম্বী হওয়ার বিষয় সম্পর্কে সচেতন করে তোলা হচ্ছে আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের মাধ্যমে। অনুষ্ঠানে এছাড়াও অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিশিষ্ট সমাজসেবী উত্তম দাস, শ্রব্রজিৎ দাস এবং মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায় প্রমুখ। অতিথিগণ সমাজে নারীদের ভূমিকা, অধিকার ইত্যাদির বিষয়ে আলোকপাত করেন অনুষ্ঠানে। পাশাপাশি নারী শিক্ষার প্রসার এবং নারীদের প্রতি সহিংসতা রোধে সমাজের সকল অংশের মানুষকে একত্রিত হয়ে কাজ করার আহ্বান জানান অতিথিগণ।

\*\*\*\*\*